

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার এর জন্য লোগো আহবান

দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন করা এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকাণ্ডে যুবদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং এতদসংক্রান্ত আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনা করার জন্য ২০১৮ সালে ঢাকার সাভারে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়। সে আলোকে ইনস্টিটিউটের জন্য একটি লোগো আহবান করা হচ্ছে।

লোগো জমাদানের শর্তাবলীঃ

- ০১ লোগো ডিজাইন করার ক্ষেত্রে ইনস্টিটিউটের ২০১৮ সনের ১৪নং আইনের ০৫ নং ধারার (১ থেকে ১৪ নং পর্যন্ত) কার্যাবলী এবং উদ্দেশ্য অনুসরণ করতে হবে;
- ০২ ১৫ অক্টোবর ২০২২ তারিখ বিকাল ৫:০০টা এর মধ্যে লোগোর হার্ড ও সফট কপি মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা বরাবর জমা দিতে হবে;
- ০৩ A4 Photo paper এ ১"×১" এবং ২"×২" সাইজে ১ কপি কালার প্রিন্ট হার্ডকপি মুখবন্ধ খামে জমা দিতে হবে (খামটি কোন প্রকার জঁজ করা যাবে না);
- ০৪ সফটকপি জমা দেওয়ার ক্ষেত্রে shnycbd@gmail.com ই-মেইলে বা পেনড্রাইভে JPEG বা PNG ফরমেটে জমা দিতে হবে (ফাইল সাইজ সর্বোচ্চ ১ মেগাবাইট);
- ০৫ লোগো এর Concept এবং Design Statement সর্বোচ্চ ৩০০ শব্দে লিখে সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- ০৬ প্রস্তাবিত লোগোটি অন্য কোন প্রকাশিত লোগো'র অনুসরণ বা অনুলরণে ডিজাইন করা হয়নি মর্মে প্রত্যয়ন পত্র সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- ০৭ একজন ব্যক্তি/প্রতিষ্ঠান কেবল একটি লোগো জমা দিতে পারবে। জমাদানকারীর নাম, ঠিকানা ইমেইল ও মোবাইল নং উল্লেখ করতে হবে;
- ০৮ প্রাপ্ত লোগোসমূহের মধ্য হতে যাচাই বাছাই করে ইনস্টিটিউটের জন্য একটি গ্রহণযোগ্য লোগো নির্বাচন করা হবে। নির্বাচিত লোগোটির নির্মাতা/প্রতিষ্ঠানকে সম্মানী প্রদান করা হবে;
- ০৯ **যোগাযোগ :** শাহাব উদ্দিন সরকার, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), ফোন: ০২-২২৪৪২৬০৬৮, ০১৯১৪৮৩০০৩৩;

এ. কে. এম শামিমুল হক ছিদ্দিকী
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট